

ইউআইইউ'তে “এইচআর হাল্ক” অনুষ্ঠিত

live.bangla.campuslive24.com/private-university/7871/%E0%A6%87%E0%A6%89%E0%A6%86%E0%A6%87%E0%A6%87%E0%A6%89%27%E0%A6%A4%E0%A7%87-%E2%80%9C%E0%A6%8F%E0%A6%87%E0%A6%9A%E0%A6%86%E0%A6%B0-%E0%A6%B9%E0%A6%BE%E0%A6%B2%E0%A7%8D%E0%A6%95%E2%80%9D-%E0%A6%85%E0%A6%A8%E0%A7%81%E0%A6%B7%E0%A7%8D%E0%A6%A0%E0%A6%BF%E0%A6%A4--



ইউআইইউ লাইভ: মানবসম্পদ (এইচআর) ব্যবস্থাপনায় পারদর্শীর খোঁজে অনুষ্ঠিত হলো ইন্টার-ইউনিভার্সিটি প্রতিযোগিতা “এইচআর হাল্ক-১৬”। ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির নিজস্ব ক্যাম্পাসে আয়োজিত এইচআর বিষয়ক প্রতিযোগিতাটিতে অংশগ্রহণ করে দেশ সেরা ৫০ টি সরকারি বেসরকারি বিশ্ববিদ্যালয়ের মোট ১৪৪ জন প্রতিযোগী।

ইউআইইউ ক্যারিয়ার কাউন্সিলিং সেন্টারের অন্তর্ভুক্ত এইচআর ফোরাম দ্বারা আয়োজিত প্রতিযোগিতাটি সকাল ১০ টায় শুরু হয় এবং শেষ হয় সন্ধ্যা ৭ টায়।

দিনব্যাপী এই প্রতিযোগিতার প্রধান আকর্ষণ এইচআর প্রতিযোগিতা হলেও সাথে অনুষ্ঠিত হয় তিনটি প্যানেল ডিসকাশনও। চারটি পর্বের এই প্রতিযোগিতায় অংশ নেয় ৩ জনের মোট ৪৮ টি দল এবং বিজয়ীদের জন্য ছিল এক লক্ষ টাকার পুরস্কার। হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট ভিত্তিক এই প্রতিযোগিতাটিতে বিচারকের দায়িত্বে এবং প্যানেল ডিসকাশনে অংশ নেন দেশের নামীদামী প্রতিষ্ঠানের সফল আইচআর ব্যক্তিবর্গ।

ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি (আইইউটি) এর ছাত্র ফারিয়াল আলম প্রতিযোগিতার চ্যাম্পিয়ন পুরস্কার হিসেবে পান পঞ্চাশ হাজার টাকা। দ্বিতীয় অবস্থানে ছিলেন ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজি এর ছাত্র ওয়াসিফ আবদুল্লাহ চৌধুরী, তিনি পান ত্রিশ হাজার টাকা এবং তৃতীয় অবস্থান লাভকারী নর্থ সাউথ ইউনিভার্সিটির ছাত্রী মুজদালেফা আনজুম পান বিশ হাজার টাকা পুরস্কার।

প্রতিযোগিতাটির বিজয়ী ফারিয়াল আলম বলেন “এইচআর হাল্ক একটি অত্যন্ত সুপরিষ্কৃত ব্যবসায়িক প্রতিযোগিতা যা শুরু থেকে শেষ পর্যন্ত অত্যন্ত চ্যালেঞ্জিং ছিল। প্রতিযোগিতাটি বিচার করা হয়েছে অত্যন্ত স্বচ্ছতার সাথে, এর ব্যবস্থাপনাও ছিল প্রশংসনীয়”।

ইউআইইউ এর ভিসি প্রফেসর ড. এম রিজওয়ান খানের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক সেনাবাহিনীর প্রধান জেনারেল মোঃ আব্দুল মুবিন, এনডিসি, পিএসসি (অবঃ), চেয়ারম্যান, ইউপিজিডি (ইউনাইটেড পাওয়ার জেনারেশন এন্ড ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড)

এবং পুরস্কার বিতরণী ও সমাপনী অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ইউনিক গ্রুপের এমডি মো: নূর আলী, ইপিএলিউন গ্রুপের এমডি রিয়াজউদ্দিন আল মামুন, ইউনিক হোটেল এন্ড রিসোর্টের পরিচালক চৌধুরী নাফিজ শরাফত ও হুদা ভাসি চৌধুরী এন্ড কোম্পানির ম্যানেজিং পার্টনার একে চৌধুরী।

ঢাকা, ৭, নভেম্বর (ক্যাম্পাসলাইভ২৪.কম)//আইএইচ

সকল প্রকাশিত/প্রচারিত কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা যাবে না।